



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-৩
www.mof.gov.bd

২২৫৬
২৭/১১/১৯
copy

<input checked="" type="checkbox"/>	অতিরিক্ত সচিব
<input checked="" type="checkbox"/>	যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন, আইন ও প্রতিষ্ঠান)
<input checked="" type="checkbox"/>	যুগ্মসচিব (কার্যক্রম/এতিম ও প্রতিবন্ধী)
<input type="checkbox"/>	ডায়েরি নম্বর :-
<input type="checkbox"/>	তারিখ :-

নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০৩.১৫(অংশ)- ৩৮২

তারিখঃ ১ আশ্বিন ১৪২১
১৬ সেপ্টেম্বর ২০১৫

পরিপত্র

বিষয়ঃ হিসাব মহানিয়ন্ত্রক-এর কার্যালয়ের ওয়েবসাইট ব্যবহার করে ট্রেজারি চালানের সঠিকতা যাঁচাই।

সরকারি আর্থিক ব্যবস্থাপনা ডিজিটলাইজেশনের মাধ্যমে জনগণকে উন্নততর সেবা প্রদানের অংশ হিসেবে ট্রেজারি চালানের সঠিকতা যাঁচাইয়ের জন্য একটি অনলাইন প্ল্যাটফর্ম তৈরি করা হয়েছে। হিসাব মহানিয়ন্ত্রক-এর কার্যালয়ের ওয়েবসাইটে (www.cga.gov.bd) "Online Chalan Verification" শীর্ষক একটি ট্যাব যুক্ত করা হয়েছে, যার মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের যে কোন শাখা অথবা সোনালী ব্যাংকের মহানগর বা জেলা সদরের যে কোন শাখায় জমাকৃত চালানের সঠিকতা চালান জমাদানের পরবর্তী কার্যদিবস মধ্যাহ্নের মধ্যে সহজেই যাঁচাই করা যাবে। তবে, জেলা সদরের বাইরে অবস্থিত সোনালী ব্যাংকের ট্রেজারি শাখাসমূহে জমাকৃত চালান এ ব্যবস্থায় যাঁচাই করা সম্ভব হবে না।

০২। এমতাবস্থায়, সকল সরকারি দপ্তরকে এ পদ্ধতি ব্যবহার করে মহানগর ও জেলা সদরে জমাকৃত ট্রেজারি চালানের সঠিকতা যাঁচাই করার জন্য বলা হল।

০৩। ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে অর্থ জমা প্রদানকারী কর্তৃক সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস হতে জমাকৃত চালান যাঁচাই করিয়ে আনার বর্তমান অনুসৃত পদ্ধতি এ পরিপত্র জারীর পর হতে মহানগর ও জেলা সদরের ক্ষেত্রে রহিত করা হল। অনলাইনে চালান যাঁচাইয়ের সময় যদি চালানের কপি ও অনলাইনে প্রাপ্ত প্রতিবেদনের মধ্যে কোনরূপ অসঙ্গতি দেখা দেয়, কেবলমাত্র সে ধরনের প্রেক্ষাপটে সংশ্লিষ্ট সরকারি দপ্তর কর্তৃক তা নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক বা জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করা যাবে।

মোহাম্মদ মুসলিম চৌধুরী
১৩/১১/২০১৫

অতিরিক্ত সচিব
৯৫১১০৫০

mchowdhury@finance.gov.bd

ডায়েরি নং	১৯৭	তারিখ	১৩/১১/১৫
সমাজকল্যাণ মন্ত্রণালয়			
অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর দপ্তর			
১।	যুগ্ম-সচিব (বাজেট/প্রঃ ৪)		
২।	উপ-সচিব (প্র-১)		
৩।	উপ-সচিব (প্র-২)		
৪।	উপ-সচিব (প্র-৫)		
৫।	উপ-সচিব (প্র-৬)		
মন্ত্রণালয়/সিউপি/সিউসি (প্রশাসন)			

বিতরণঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও ঢাকা
৩. মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, কাকরাইল, ঢাকা
(তঁর আওতাধীন সকল অধিদপ্তর/পরিদপ্তরকে অবহিত করার অনুরোধসহ)
৪. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা
(তঁর আওতাধীন সকল শাখাকে অবহিত করার অনুরোধসহ)
৫. সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব, মন্ত্রণালয়/সিউপি/সিউসি (প্রশাসন)
(তঁর আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)
৬. অতিরিক্ত সচিব (বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
(তঁর আওতাধীন সকল অফিসকে অবহিত করার অনুরোধসহ)
৮. কর্মসূচি পরিচালক, সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণঃ অগ্রাধিকার কার্যক্রমসমূহের ধারাবাহিকতা রক্ষা কর্মসূচি, অর্থ বিভাগ
৯. ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা
(তঁর আওতাধীন সকল শাখাকে অবহিত করার অনুরোধসহ)
১০. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ (পরিপত্রটি অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১১. সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মন্ত্রণালয়/বিভাগ (সকল)